

AP(FR)
28/04/19



পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
প্রধান কার্যালয়।

বাড়ী নং-০৫, এভিনিউ-০৩, রূপনগর, হাজী রোড, মিরপুর, ঢাকা-১২১৬।



ক্রয় ও সহায়ক সেবা বিভাগ

স্মারক নং- ৪৭.৬৬.০০০০.০০৪.০৭.১০৬.০৯-২২৮৯

তারিখঃ ২৮-০৪-২০১৯

বিষয় : দরপত্র খোলার তারিখ ও সময় পরিবর্তনের বিজ্ঞপ্তি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্মারক নং- ৪৭.৬৬.০০০০.০০৪.০৭.১০৬.০৯-২১৩২(১৫), তারিখ : ২১-০৪-২০১৯ খ্রিঃ মূলে মাঠ পর্যায়ে ক্ষুদ্র ঋণ সংক্রান্ত বিভিন্ন ফরম মোট ১৪টি আইটেম মুদ্রণের জন্য সীমিত সীলযুক্ত দরপত্র আহ্বান করা হয়েছিল। উক্ত পত্রে এবং বিক্রীত সিডিউল এর শর্ত নং ০২ এ “৩০-০৪-২০১৯ তারিখ বেলা ৩:০০ ঘটিকায় পিডিবিএফ এর বোর্ড রুমে দরপত্র খোলা হবে” মর্মে উল্লেখ করা হয়েছিল। কেন্দ্রীয় ক্রয় কমিটির সম্মানিত সভাপতি/ সদস্যগণ ২৮-০৪-২০১৯ তারিখ থেকে ০৪-০৫-২০১৯ তারিখ পর্যন্ত প্রাতিষ্ঠানিক গুরুত্বপূর্ণ কাজে পিডিবিএফ, প্রধান কার্যালয়ের বাহিরে কর্মব্যস্ত থাকবেন বিধায়, দরপত্র খোলার তারিখ ও সময় পরিবর্তন করে আগামী ০৬-০৫-২০১৯ তারিখ বেলা ৩:০০ ঘটিকা নির্ধারণ করা হলো। এ ছাড়া দরপত্র আহ্বান ও সিডিউল এর অন্যান্য বিষয়সমূহ অপরিবর্তিত থাকবে। দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠানের পক্ষের প্রতিনিধিগণ কে (যদি কেহ ইচ্ছা প্রকাশ করেন) উপরোক্ত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(মোঃ শাহাদত হোসেন)

যুগ্ম পরিচালক, ক্রয় ও সহায়ক সেবা

ও

সদস্য সচিব, কেন্দ্রীয় ক্রয় কমিটি।

অনুলিপি :-

- ০১। যুগ্ম পরিচালক, আই টি, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা। অত্র নোটিশ টি পিডিবিএফ ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০২। পিডিবিএফ নোটিশ বোর্ড।
- ০৩। সংশ্লিষ্ট নথি।